- ৩ -

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

3

তারিখ ...07 FEB 1989...
পৃষ্ঠা... 5 ... কলাম ... 7 ...

৩১

# প্রত্যেক স্কুলে পাঠাগার চাই

আমাদের দেশের সাংস্কৃতিক ঐতিহ্য গৌরবোজ্জ্বল এবং দীর্ঘদিনের। বর্তমানে দেশে শিক্ষার হার আগের চেয়ে যথেষ্ট বৃদ্ধি পেয়েছে, পরিবর্তন হয়েছে সামাজিক অবস্থারও। প্রতিটি উপজেলায় এখন অফিস আদালত এবং বিভিন্ন শ্রেণীর সরকারী কর্মচারী রয়েছে। অন্যান্য অফিসের পাশাপাশি সরকারী গণ গ্রন্থাগার প্রতিষ্ঠা করা হলে, উপজেলাসমূহের কলেজের অধ্যাপক, ছাত্র-ছাত্রী সরকারী কর্মচারী, স্থানীয় সাংস্কৃতিক কর্মী, সাংবাদিক ও বৃহত্তর যুব সমাজ পড়াশোনার সুযোগ পাবে এবং এতে জনগণের দীর্ঘদিনের একটি অভাব ও প্রত্যাশা পূরণ হবে। শিক্ষা জাতির মেরুদন্ড। লাইব্রেরীর মাধ্যমে দেশে এই শিক্ষার প্রসার ঘটবে। শক্তিশালী হবে দেশের শিক্ষা ও সাংস্কৃতিক বুনিয়াদ। দেশের সমাজ ও সাংস্কৃতিক শিক্ষার এই গুরুত্বের প্রেক্ষিতে দেশের সকল উপজেলাসহ সরিষাবাড়ীর প্রতিটি স্কুলে সরকারী পর্যায়ে একটি করে পাঠাগার গড়ে তোলা প্রয়োজন বলে মনেকরি। এ ব্যাপারে সরকার আশু উদ্যোগ নেবেন এটাই প্রত্যাশা।

—সুকান্ত সাহা ও
আশীষ দে (অপু),
মিতালী লাইব্রেরী,
সরিষাবাড়ী টাউন,
জামালপুর।